# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | ক্যাম্পাস | 16 April, 2025

নব নির্মিত সুনামগঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতালের শিক্ষার্থীদের পর্যাপ্ত ওয়ার্ড সুবিধা না দেয়ার প্রতিবাদে এবং দ্রুত সময়ের মধ্যে হাসপাতাল চালুর দাবিতে অনির্দিষ্টকালের ক্লাস বর্জনের পাশাপাশি সড়ক অবরোধ করে বিক্ষোভ করে দ্বিতীয় দিনের মত বিক্ষোভ কর্মসূচি পালন করছে শিক্ষার্থীরা।এর আগে গতকালও একই দাবীতে ক্লাশ বর্জন করে মানববন্ধন করে তারা।দাবী পূরণ না হওয়ায় বুধবার সকাল সাড়ে ৯ টা থেকে মেডিকেল কলেজের সামনে সিলেট-সুনামগঞ্জ সড়কের মদনপুর এলাকায় সড়কের দুপাশে বাঁশ দিয়ে বেড়িগেট দিয়ে অবরোধ করে তারা।এতে সুনামগঞ্জ সিলেট মহাসড়কের উভয় পাশে কয়েক কিলোমিটার যানজটের সৃষ্টি হয়েছে।

শিক্ষার্থীরা জানান, সুনামগঞ্জ মেডিকেল কলেজের একাডেমি কার্যক্রম শুরু হয়েছে ৪ বছর হয়েছে কিন্তু হাসপাতাল চালু না হওয়ার কারণে শিক্ষার্থীদের এখন পর্যন্ত পর্যাপ্ত ওয়ার্ড ক্লাস দেয়া হচ্ছেনা।উলটো হাসপাতাল চালুর প্রকল্প মেয়াদ আরও বাড়ানো হয়েছে।তাই তারা অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন করে দ্রুত হাসপাতাল চালু করে ওয়ার্ড ক্লাস বাড়ানোর দাবীতে তারা আন্দোলন করছেন।দাবী মানা না হলে কর্মসূচি চালিয়ে যাবেন।

খবর পেয়ে প্রথমে পুলিশ ও পরে শান্তিগঞ্জ ইউএনও সুকান্ত সাহা ঘটনাস্থলে এসে শিক্ষার্থীদের বুঝাতে ব্যর্থ হলে আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন তারা ।এদিকে শিক্ষার্থীদের দাবীর সাথে একাত্মতা পোষন করে যোগ দিয়েছে স্থানীয় জনতা।

শিক্ষার্থীদের সাথে কথা বলতে আন্দোলন স্থলে এসেছেন সুনামগঞ্জের জেলা প্রশাসক ড. মোহাম্মদ ইলিয়াস মিয়া। মেডিকেল কলেজের ভেতর তাদের আলোচনা চলছে।

মেডিকেল কলেজ শিক্ষার্থী মহাসড়ক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:27

URL: https://www.timestodaybd.com/public/campus/161066892